

খুলনা সিটি কর্পোরেশন

খুলনা

কসিসি/সিবি/সিআ/সিআ/১১-২২/২২-১২৫২(২)



তারিখ- ১৬/৬/২২ শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

১৫/০৬/২০২২খ্রিঃ তারিখ বেলা ১১-৩০ ঘটিকায় খুলনা সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)
জনাব লস্কার তাজুল ইসলাম এর সভাপতিত্বে তাঁর দপ্তর কক্ষে অভিযোগ নিষ্পত্তি ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২২) সংক্রান্ত
সভার কার্যবিবরণী:

সভার উপস্থিতি (পরিশিষ্ট "ক") :

সভাপতি : জনাব লস্কার তাজুল ইসলাম, প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব), কসিসি।
সভার স্থান : প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর কক্ষ, কসিসি।
তারিখ ও সময় : ১৫/০৬/২০২২, দুপুর ১২-০০ ঘটিকায়।

সভার শুরুতে সভাপতি মহোদয় কসিসি'র বিভাগ/শাখা প্রধানদের সালাম ও শুভেচ্ছা জ্ঞাপন করেন।
তারপর তিনি সভার কার্যক্রম শুরু করেন।

ক্র.সং.	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১)	অভিযোগ নিষ্পত্তি সম্পর্কে প্রশিক্ষণ	সভায় সভাপতি মহোদয় জানান ২০২১-২২ অর্থ বছরের কর্মকর্তা ও কর্মচারীদের অভিযোগ নিষ্পত্তি তথ্য অধিকার, সিটিজেন চার্টার, উদ্ভাবনসহ অন্যান্য প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখার জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন।	বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ২০২২-২৩ অর্থ বছরে কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	সচিব, কসিসি
২)	অভিযোগ নিষ্পত্তি বিষয় শুনানী	সভায় সভাপতি মহোদয় জানান, অভিযোগ পেলে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রতি সপ্তাহে বুধবার শুনানীর দিন ধার্য আছে। মেয়র মহোদয়ের কার্যালয় থেকে তথ্য সংগ্রহ পূর্বক ওয়েব সাইটে আপলোড করতে হবে।	বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সভায় সদস্যগণ অভিযোগ নিষ্পত্তির জন্য স্ব স্ব দপ্তরের প্রধানগণ মাননীয় মেয়র মহোদয়ের দপ্তরে প্রতি সপ্তাহে বুধবার শুনানীর জন্য নাগরিকদের অভিযোগ গুলি নিষ্পত্তির জন্য উপস্থাপন করার পদক্ষেপ নিবেন এবং মেয়র মহোদয়ের কার্যালয় থেকে তথ্য সংগ্রহ পূর্বক ওয়েব সাইটে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়।	বিভাগ ও শাখা প্রধানগণ, প্রশাসনিক কর্মকর্তা ও আই.টি ম্যানেজার

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আজমুল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

লস্কার তাজুল ইসলাম
প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)
খুলনা সিটি কর্পোরেশন
ফোন-০২৪৭৭-৭২০৪০৯
E-mail: ceo.kcc.kln@gmail.com

অপর পাতায়